দৈনিক ইত্তেফাক

তারিখ 13 MAR 2016
পৃষ্ঠা ..৭..৬ কলাম ..২..

# মতলবে শ্রেণিকক্ষের অভাবে পাঠদান চলছে বারান্দায়

## শিক্ষার প্রতি কোমলমতি শিশুদের উৎসাহে ভাটা



মতলব উত্তর (চাঁদপুর): শ্রেণিকক্ষের অভাবে উপজেলার লুধুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বারান্দায় কোমলমতি শিক্ষার্থীদের পাঠদান —ইত্তেফাক

**মতলব উত্তর উপজেলার লুধুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণিকক্ষের অভাবে কোমলমতি শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলছে বারান্দায়**

■ মতলব উত্তর (চাঁদপুর) সংবাদদাতা

চাঁদপুরের মতলব উত্তর উপজেলার লুধুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণিকক্ষের অভাবে কোমলমতি শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলছে বারান্দায়। স্কুল বারান্দার চট বিছিয়ে বসতে হয় বলে নিয়মিত স্কুলে আসতে আসছে না অনেক শিক্ষার্থী।

স্কুলে মোট শিক্ষার্থী সংখ্যা ৪২৮। এর মধ্যে শিশু শ্রেণিতে ৩৩, ১ম শ্রেণিতে ৭২, ২য় শ্রেণিতে ৮০, ৩য় শ্রেণিতে ৬৮, ৪র্থ শ্রেণিতে ৮৩ এবং ৫ম শ্রেণিতে ৯২ জন শিক্ষার্থী রয়েছে। স্কুলে ৬টি কক্ষের মধ্যে ৫টি শ্রেণিকক্ষ ও ১টি অফিস কক্ষ হিসেবে ব্যবহৃত হয়। অথচ দুই শিফটের এই স্কুলে প্রথম পর্বে এক সাথে ক্লাস পরিচালনা করতে হয় ৭টি। বাধ্য হয়েই যে কোনো দুটি ক্লাস পরিচালনা করতে হয় স্কুলের বারান্দায়।

স্কুলের প্রধান শিক্ষিকা শিরিন আক্তার জানান, নতুন ভবনের জন্যে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে আবেদন করেছি এবং দ্রুত ব্যবস্থা নেয়ার জন্যে স্থানীয় সংসদ সদস্য এবং মাননীয় দুর্যোগ ও ত্রাণ মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী (মায়া) বীর বিক্রম এর সুপারিশ নিয়েছি।

মতলব উত্তর উপজেলা শিক্ষা অফিসার কবির হোসেন বলেন, মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশে উপজেলার কোনো কোনো স্কুলে নতুন ভবন জরুরি অগ্রাধিকারানুযায়ী সে রকম একটি তালিকা হয়েছে।